

## আজব দেশের আজব কথা

আমাদের সমাজে আধুনিকতার নামে অনেক ভেলকিবাজি ও তেলসমাতী দেখা যায়। বিশেষ করে নাম ও বিশেষনের ভেলকি বড় আজব। ছোট বেলা আজব দেশ নামে একটি কবিতা পড়ে ছিলাম। আজব দেশের সবকিছু ছিল উল্টা-পাল্টা। সেখানে পাখিরা জলে বাস করত, মাছ থাকত আকাশে। মিটাই ছিল তিতা আর নিম ছিল মিঠা। মানুষজন হাত দিয়ে হাটত আর পা দিয়ে ছাতা ধরত। ইত্যাদি আরো কত কি?

বর্তমানে আমাদের দেশ ও সমাজ যেন আজব দেশের চেয়ে আরো আজব। এখানে ভালর নাম মন্দ আর মেন্ডের নাম ভাল। পাপের নাম পুণ্য আর পুণ্যের নাম পাপ। নিম্নে কয়েকটি উপাদহরন পেশ করা হলঃ

১. নীতিহীন এ সমাজে আল্লাহ, রাসূল, কুরআন, ইসলাম, ইসলামী অনুশাসন ইত্যাদির বিরুদ্ধে কথা বলার নাম বাক স্বাধীনতা, মত প্রকাশের স্বাধীনতা, কলম স্বাধীনতা ইত্যাদি হাজারো স্বাধীনতা।

পক্ষান্তরে আল্লাহ, রাসূল, কুরআন, ইসলাম, ইসলামী অনুশাসন ইত্যাদির পক্ষে কথা বলার নাম মৌলবাদ, জঙ্গিবাদ, বিচ্ছিন্নতাবাদ, ধর্মান্ধতা, উগ্রপন্থা, ধর্মীয় উন্মাদনা।

২. বর্তমান সমাজে অর্ধনগ্ন বা সল্প বসনে নারী দেহের বিশেষ অঙ্গ-প্রত্যঙ্গকে উন্মুক্ত রাখা, অশ্লিল ও কুরুচীপূর্ণ নীতি পরিবেশনা। পতিতা বৃত্তি, মদ্যপান, বেহায়াপনা। নর্তকীর নাচ, বাইজি গিরি, কলগার্ল ও পতিতার মত বেহায়া পেশা। নর্তকী, নায়িকার মত লজ্জাহীনতা। পর পুরুষের সাথে ঢলাঢলি ইত্যাদির নাম আধুনিকতা, উদারতা, নারী স্বাধীনতা, পোষাকের স্বাধীনতা, উন্মুক্ত মন-মানসিকতা ইত্যাদি।

পক্ষান্তরে শরীর ঢেকে ভদ্র পোষাক পড়া। মাথায় কাপড় দিয়ে হিজাব করা। বোরকা পড়া ইত্যাদির নাম বন্ধিত্ব, ঘরে আবদ্ধ জীবন, স্বাধীনতা কেড়ে নেয়া, রুচি হীনতা, সংকীর্ণ মনতা, হীনমান্যতা ইত্যাদি।

৩. কলেজ বিশ্ববিদ্যালয়ের যেসব সোনার ছেলে-মেয়েরা ইয়াবা সেবন, মাদক সেবন, ভাড়াটে মাস্তানী, নারী ব্যবসা, অবৈধ যৌনাচার, শিক্ষককে লাঞ্চিত করা, শিক্ষকের উপর হামলা করা, শিক্ষক হত্যার মত জঘন্য পাপাচার, গুম, হত্যা, সহ অস্ত্রবাজিতে রত তারা আধুনিক, উদার, জাতির ভবিষ্যত। কলেজ বিশ্ব বিদ্যালয়ের ছাত্র সংগঠন সমূহের শীর্ষ পদ, সরকারী সুযোগ সুবিধা সহ সবকিছু তাদের জন্য।

পক্ষান্তরে মাদরাসায় পড়ুয়া যেসব ছেলে-মেয়েরা সদা লেখা পড়া নিয়ে ব্যস্ত থাকে, কোন অপকর্মে জড়ায় না, নীতিহীন নেতাদের অপকর্মের সঙ্গী হয় না, দেশ জাতী ও সমাজের কল্যাণে সদা চিন্তিত ও সচেষ্টি তারা অবহেলিত, সুবিধা বঞ্চিত। সরকারী সুযোগ সুবিধা, উচ্চ শিক্ষা ও চাকরীতে তারা নিষিদ্ধ প্রায়।

৪. দেশের যেসব কর্মকর্তা কর্মচারী ঘুষ খায়, নীতিহীন নেতা/নেত্রির পুতুল হিসাবে কাজ করে। নেতাদের স্বার্থে বৈধকে অবৈধ ও অবৈধকে বৈধ বানায়। ঘুষ খেয়ে স্থায়ী নেতা, মাস্তান ও কন্ট্রাক্টারদের অবৈধ কাজে সহযোগিতা করে তারা দেশ দরদী, জন দরদী, আদর্শবাদ।

পক্ষান্তরে যারা নীতির উপর অটল, আইনের প্রতি শ্রদ্ধাশীল, আইন ও নিয়ম বহির্ভূত কাজ করে না। ঘুষ খেয়ে অবৈধকে বৈধ আর বৈধকে অবৈধ বলে মেনে নেয় না। নেতাদের স্বার্থে ব্যবহৃত হয় না। নেতাদের টেলিফোনে অপরাধিকে বেকসুর আর বেসুরকে অপরাধি সাজায় না তারা ঘুষখুর, নীতিহীন, ধর্মান্ধ, অবাধ্য।

৫. সমাজের যেসব আলিম উলামা কুরআন হাদীছের ধার ধারে না। সমাজপতিদের ইচ্ছামত ফতোয়া দেয়। তাদের সকল অপকর্মের বৈধতা দান করে। তাদের পছন্দ মত হালালকে হারাম আর হারামকে হালাল বানিয়ে দেয়। সুদ, ঘুষ, দুনীতি সহ নানা অপকর্মে নিজেরাও জড়িয়ে পড়ে। জুমার খুতবায় ইসলাম, ইসলামী আদর্শ ও ইসলামের সেবদের নিন্দাবাদ করে। তারা সুবিধা ভুগী এবং আসল আলিম সমাজ।

আর সুদখুর, ঘুষখুর, নীতিহীন, আদর্শহীন। যারা ইসলাম বুঝে না, কুরআন বুঝে না, হাদীছ মানে না। যারা ইসলাম বিদ্বেষী। ইসলাম ও ইসলামী আদর্শের শত্রু। যারা ইসলাম নিয়ে তামাশা করে, ইসলামী আদর্শ নিয়ে উপহাস করে, কুরআনের বিধান অধিকার করে। যারা ধর্মহীন। নাস্তিক, মুরতাদদের সহায়ক। তারা হয়ে যায় আদর্শবান, উদারমনা, ধার্মিক, উদার মুসলিম।

পক্ষান্তরে যারা কুরআন হাদীছের উদ্ধৃতি দিয়ে সত্য কথা বলেন, সত্যকে সত্য আর মিথ্যাকে মিথ্যা হিসাবে উপস্থাপন করেন, কুফর শিরক বিদয়াত ও পাপাচারের বিরুদ্ধে কথা বলেন, নেতাদের দুনীতি ও নীতিহীনতার মুখোস উন্মোচন করে দেন, মানুষ ও মানব সমাজকে আল্লাহ রাসূল ও কুরআনের পথে আহ্বান করেন, ন্যায় ইনসাফ ও সাম্যের কথা বলেন, অন্যায় জুলুম ও পাপাচার থেকে বিরত হতে উপদেশ দেন, তারা হয়ে যান স্বাধীনতা বিরোধী, ধর্মান্ব, উগ্রবাদী, জঙ্গিবাদী, বিচ্ছিন্নতাবাদী, সরকার বিরোধী, বিভ্রান্তকারী। তারা ইসলাম বুঝেন না, কুরআন মানেন না, রাসূলের আদর্শ মানেন না। তারা জাতীর শত্রু, ইসলামের শত্রু, মানবতার শত্রু। তারা নীতিহীন, আদর্শহীন, বিবেকহীন। ইত্যাদি আরো কত কি ?

এই হচ্ছে বর্তমান সমাজ, সমাজের নেতা ও নীতিহীন সমাজপতিদের তেলসমাতি ও ভেলকিবাজীর কিছু নমুনা। আমাদেরকে এসব ভেলকিবাজদের ভেলকি ও তেলসমাতি থেকে সাবধান হতে হবে। নতুবা বিভ্রান্ত হয়ে ঈমান হারাতে হবে এবং আল্লাহ ও রাসূলের অবাধ্য হয়ে জাহান্নামের ইন্ধন হতে হবে।